



জেলা পরিষদ

গাইবান্ধা

www.zpgaibandha.gov.bd

স্মারক নং- জেপ/গাই/২০২৫-২৬/০২

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪৩২  
০১ জুলাই, ২০২৫

**“জুলাই গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রস্তাব আহবানের গণবিজ্ঞপ্তি:**

গাইবান্ধা জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ ৩০ জুন, ২০২৫খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০ নং স্মারকের আলোকে জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় জাতি গঠনে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে “আমার চোখে জুলাই বিপ্লব” প্রতিপাদ্য নিয়ে গাইবান্ধা জেলা পরিষদের আওতায় একটি আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করার লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত/নিয়মাবলী পালন স্বাপেক্ষে আইডিয়া জমা প্রদান করতে পারবেন।

আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশ গ্রহণ করতে পারবেন:	আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদণ্ড):	আইডিয়া জমা দেওয়ার তারিখ ও জমা দেওয়ার স্থান:
<ul style="list-style-type: none"><li>১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;</li><li>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;</li><li>যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;</li><li>শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;</li><li>নারী সদস্য অগ্রাধিকার পাবে;</li></ul>	<ul style="list-style-type: none"><li>১-২ পৃষ্ঠায় একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;</li><li>আইডিয়া শিরোনাম;</li><li>আইডিয়ার ভূমিকা;</li><li>আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রস্তাব;</li><li>আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;</li><li>সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;</li><li>প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);</li><li>কাজিত ফলাফল;</li><li>গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;</li><li>দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা;</li></ul>	<ul style="list-style-type: none"><li>আইডিয়া জমা/দাখিলের তারিখ ০১-০৮ জুলাই ২০২৫খ্রি: পর্যন্ত;</li><li>প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই, ২০২৫</li><li>চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই, ২০২৫</li><li>প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই, ২০২৫</li><li>আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট, ২০২৫</li><li>আইডিয়া জমা/দাখিলের স্থান: জেলা পরিষদ, কার্যালয়, গাইবান্ধা।</li><li>e-mail: zpgaibandha@gmail.com</li></ul>

সম্ভাব্য আইডিয়ার উদাহরণ: ১) দেয়ালচিত্র; ২) পথনাটক বা মঞ্জনটক; ৩) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র; ৪) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম; ৫) উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী; ৬) স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ; ৭) বর্জ্য-শূন্য অভিযান; ৮) গ্রীণ স্কুল (Green School) ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম; ৯) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোন ধারণা (আইডিয়া)।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান (প্রয়োজ্য ক্ষেত্রে), মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ০৮ জুলাই বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা বরাবরে সরাসরি হার্ডকপি অথবা ই-মেইলে পিডিএফ কপি জমা/দাখিল করতে পারবেন।

বিপুল চন্দ্র দাস

প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা):  
জেলা পরিষদ, গাইবান্ধা